



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা

ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ

টেলিফোন : ৯৫৭৫৬২২ (DGM)

: ৯৫৭২২৫৫ (RTGS)

ই-মেইল : rtgs@krishibank.org.bd

dgmtreasury@krishibank.org.bd

নং:প্রকা/টিএমডি(RTGS)/প্রশা-১৭/২০১৬-১৭/৫৮৯

তারিখ: ২৭.০৩.২০১৭

উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক  
সকল অন লাইন শাখা,  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়: RTGS ব্যবস্থায় লেনদেন সম্প্রসারণের মাধ্যমে ব্যাংকের আয় খাত স্ফীতকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। আধুনিক বিশ্বের ব্যাংকিং ব্যবস্থার সাথে তাল মিলিয়ে চলার জন্য ব্যাংকিং সেবার মান বৃদ্ধি, যুগোপযোগী করা, ব্যবসার গতি বৃদ্ধি ও সম্প্রসারণ এবং সূষ্ঠ তহবিল ব্যবস্থাপনার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক Real Time Gross Settlement (RTGS) পদ্ধতি ২৯.১০.২০১৫ ইং তারিখে চালু করেছে যা অত্র ব্যাংকেও পরিচালিত হচ্ছে। উক্ত RTGS পদ্ধতিতে যে সব লেনদেন নিষ্পন্ন করা সম্ভব তা নিম্নরূপ:

আসত্ত:ব্যাংক লেনদেন	গ্রাহক লেনদেন
* আসত্ত:ব্যাংক/কলমানি মার্কেট লেনদেন	* বাণিজ্যিক পর্যায়ে:B2B, B2P, B2G
* সরকারী সিকিউরিটিজ সংক্রান্ত লেনদেন	* ব্যক্তি পর্যায়ে:P2P, P2B
* আভ্যাস্তরীন বৈদেশিক মুদ্রার লেনদেন	* সরকারী পর্যায়ে:G2P, G2B

### RTGS ব্যবস্থায় আবশ্যিক বিষয় সমূহ:

- \* দুটি ব্যাংকের অন লাইন শাখার মধ্যে RTGS ব্যবস্থায় লেনদেন করা সম্ভব।
- \* অর্থ প্রেরক এবং প্রাপক উভয়কে সংশ্লিষ্ট ব্যাংকের গ্রাহক হতে হবে।
- \* এই পদ্ধতিতে প্রতিটি লেনদেনে অর্থের পরিমাণ হবে ন্যূনতম ১০০,০০০/- (এক লক্ষ)।
- \* একটি নির্দিষ্ট ফরমে গ্রাহকের প্রদান আদেশই যথেষ্ট।
- \* প্রতি লেনদেনে সার্ভিস চার্জ ১০০/- টাকা +ড্যাট (প্রযোজ্য হারে)।
- \* লেনদেনের ক্ষেত্রে সাধারণত: ব্যাংকিং লেনদেন সময় সীমা সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত।


### RTGS পদ্ধতি ব্যবহারের সুবিধাসমূহ নিম্নরূপ:

- RTGS ব্যবস্থায় কোন চেক বা ইনস্ট্রুমেন্ট ইস্যুর প্রয়োজন হয় না।
- এই ব্যবস্থায় দ্রুততম সময়ে (অনধিক ৩০ মিনিট) গ্রাহকের হিসাবে টাকা পাঠানো সম্ভব।
- দ্রুততম সময়ে প্রেরিত টাকা যথাযথ হিসাবভুক্ত হওয়ায় প্রাপক তার জরুরী আর্থিক প্রয়োজন সহজেই মেটাতে পারে।
- সাধারণত:এই ব্যবস্থায় জালিয়াতির মাধ্যমে অর্থ আত্মসাতের ঝুঁকি নেই।
- এ ব্যবস্থায় স্বয়ংক্রিয় উপায়ে ভাউচার প্রস্তুত ও হিসাব সমন্বয় হয়ে থাকে।
- ব্যাংকের তারল্য ব্যবস্থাপনাকে সুদৃঢ় করে।

০৩। আলোচ্য ব্যবস্থায় একজন অথরাইজ এবং একজন পোস্টিং ইউজার আবশ্যিক যা শাখা হতে নির্ধারিত ইউজার আপডেট ফরম প্রধান কার্যালয়, ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ এ প্রেরণ করার পর অত্র বিভাগ কর্তৃক অনুমোদন করা হয়ে থাকে। ইতোমধ্যে ১০০ টি শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের RTGS সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পর্যায়ক্রমে বাকী শাখাগুলোকে প্রশিক্ষণের আওতায় আনার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। কিছু কিছু শাখা স্ব-উদ্যোগে ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ এর সাথে যোগাযোগ করে RTGS লেনদেনের বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করত: উক্ত কার্যক্রমে সম্পৃক্ত হয়েছে-যা প্রশংসার দাবী রাখে। পক্ষান্তরে কিছু কিছু শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রশিক্ষণ গ্রহণ করা সত্ত্বেও অদ্যাবধি RTGS কার্যক্রমে সম্পৃক্ত হননি-আবার কোন কোন শাখা প্রাথমিক ভাবে সম্পৃক্ত হয়েও বর্তমানে অজ্ঞাত কারণে শৈথিল্য প্রদর্শন করছেন যা অনভিপ্রেত। এক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের আন্তরিক হওয়া আবশ্যিক। এছাড়া RTGS সংক্রান্ত বিষয়ে বিভিন্ন সময় অত্র বিভাগ হতে বিভিন্ন নির্দেশনামূলক পত্র প্রেরণ করা হয়েছে, যা অনুসরণীয়।

০৪। RTGS পদ্ধতি ব্যবহার করে শাখা পর্যায়ে আধুনিক ও উন্নততর গ্রাহক সেবা প্রদানের পাশাপাশি ব্যাংকের আয় বৃদ্ধির যথেষ্ট সুযোগ রয়েছে। তাছাড়া আসত্ত:ব্যাংক লেনদেনের ক্ষেত্রে উন্নত সেবার মাধ্যমে দেশের অন্যান্য ব্যাংকের সাথে অত্র ব্যাংকের সম্পর্ক সুদৃঢ় করা সম্ভব। সাধারণত: RTGS পদ্ধতি নিরাপদ, ঝুঁকিমুক্ত এবং মুহূর্তের মধ্যে লেনদেন সংঘটিত হয় বিধায় এ পদ্ধতি সম্পর্কে গ্রাহকগণকে অবহিত ও সম্পৃক্ত করার জন্য ব্যানার, লিফলেট দর্শনীয় স্থানে প্রদর্শন করা আবশ্যিক। এ ক্ষেত্রে RTGS ব্যবস্থায় গ্রাহকগণ যাতে কোন ভাবে হয়রানির শিকার না হয় এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সতর্ক দৃষ্টি রাখার জন্য পরামর্শ দেয়া হল।

অনুমোদনক্রমে


  
(মো: আবদুস সোবহান)  
উপ-মহাব্যবস্থাপক

নং:প্রকা/টিএমডি(RTGS)/প্রশা-১৭/২০১৬-১৭/৫৮৯

তারিখ: ২৭.০৩.২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর / অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হল।
- ৬। সকল মুখ্য/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৯। নথি/মহানথি।

  
২৭.০৩.২০১৭  
(মো: ছগীর আহমদ)  
সহকারী মহাব্যবস্থাপক